

## ফলাফল পুনর্নিরীক্ষণ

৪ আগস্ট' ২০১৩ থেকে ১৩ আগস্ট' ২০১৩ পর্যন্ত শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে ফলাফল পুনর্নিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে <Space> দিয়ে রোল নম্বর লিখে <Space> দিয়ে Subject Code লিখে Send করুন 16222 নম্বরে। এক্ষেত্রে প্রতি বিষয় এবং প্রতিটি পত্রের জন্য ১৫০ টাকা হারে ফী প্রযোজ্য হবে।

ফিরতি SMS-এ আবেদন ফী বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN Number প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশনে গিয়ে RSC লিখে <Space> দিয়ে YES লিখে <Space> দিয়ে PIN Number লিখে <Space> দিয়ে Contact Number লিখে Send করুন 16222 নম্বরে।

যে সকল বিষয়ের ২টি পত্র (বাংলা ও ইংরেজি) রয়েছে সে সকল বিষয়ে একটি Subject Code ( বাংলায় জন্য ১০১, ইংরেজির জন্য ১০৭) এর বিপরীতে দুটি পত্রের জন্য আবেদন হিসেবে গণ্য হবে এবং আবেদন ফী হিসেবে ৩০০ টাকা প্রযোজ্য হবে।

একই SMS-এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। এক্ষেত্রে Subject Code পর্যায়ে কমা (,) দিয়ে লিখতে হবে।